# 3 Yr. Degree/4 Yr. Honours 3rd Semester Examination, 2025 (CCFUP)

## Subject : Bengali

## Course: BENG3012 (MAJOR)

(ভাষাতত্ত্ব)

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। নিম্নলিখিত *যেকোনো দশটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০=২০

(ক) প্রাকৃত ভাষা কয়প্রকার ও কী কী?

(খ) সময়সীমা উল্লেখপূর্বক বাংলা ভাষার যুগবিভাগ করো।

(গ) বাংলা ব্যঞ্জনধ্বনিতে তরল ধ্বনি কোনগুলি এবং কেন তাদের তরল ধ্বনি বলা হয়?

(ঘ) উদাহরণ-সহ শ্রুতিধ্বনি কাকে বলে লেখো।

(ঙ) মুণ্ডমাল শব্দ কাকে বলে? উদাহরণ দাও।

(চ) উর্ণবাভ > উর্ণনাভ — এখানে কী ধরনের ধ্বনি পরিবর্তন হল বিশ্লেষণ করে দেখাও।

(ছ) 'পাষণ্ড' শব্দটির কী ধরনের অর্থ পরিবর্তন ঘটেছে তা বিশ্লেষণ করে দেখাও।

(জ) বাংলা রূপতত্ত্বে সাধিত শব্দ কাকে বলে? তা কয়প্রকার ও কী কী?

(ঝ) উদাহরণ-সহ ঝাড়খণ্ডী উপভাষার একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(ঞ) বাক্যতত্ত্বে 'আকাঙ্ক্ষা' বলতে কী বোঝায় উদাহরণ-সহ লেখো।

(ট) বাংলা মৌলিক স্বরধ্বনির সংখ্যা কয়টি ও কী কী?

(ঠ) বাংলা স্বরধ্বনিতে কেন্দ্রীয় স্বর কোনটি এবং তার অবস্থান লেখো।

(ড) বিপর্যাস কাকে বলে?

(ঢ) অসমাপিকা ক্রিয়া কাকে বলে উদাহরণ-সহ লেখো।

(ণ) অর্ধস্বর কাকে বলে?

২। নিম্নলিখিত *যেকোনো চারটি* প্রশ্নের উত্তর দাও :

(ক) স্বরসংগতি কাকে বলে? উদাহরণ-সহ তার শ্রেণিবিভাগ আলোচনা করো।

(খ) সাংগঠনিক দিক থেকে বাংলা বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণ-সহ আলোচনা করো।

(গ) অর্থের উন্নতি ও অবনতি এবং অর্থসংক্রম বিষয়ে টীকা লেখো।

(ঘ) সাধু ও চলিত ভাষার কয়েকটি ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(ঙ) দৃষ্টান্ত-সহ বরেন্দ্রী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(চ) টীকা লেখো (*যেকোনো দুটি*) :

সমীভবন, অপিনিহিতি, জোড়কলম শব্দ

৩। নিম্নলিখিত *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও :

(ক) দৃষ্টান্ত-সহ আদি-মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) উচ্চারণস্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ আলোচনা করো।

(গ) দৃষ্টান্ত-সহ বঙ্গালি উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(ঘ) উদাহরণ-সহ বাংলা শব্দভাণ্ডারের শ্রেণিবিভাগ করো।

———